



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর

সূত্র: বঙ্গবন্ধু- ২/১০২২/শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা/৭৬০৫ (৩৪)

তারিখ: ২৬/০৪/২০২২

APCL (Edu)
স্বঃ স্মৃতি জাদুঘর
২৬/০৪/২০২২

ACCL (Edu)
স্বঃ স্মৃতি জাদুঘর
২৬/০৪/২০২২

স্বঃ স্মৃতি জাদুঘর

বিষয় : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' এর ১০২তম জন্মবার্ষিকী ২০২২ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

আগামী ১৪ মে, ২০২২ তারিখ রোজ শনিবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের উদ্যোগে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' এর ১০২তম জন্মবার্ষিকী ২০২২ পালন উপলক্ষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাংকনে সরাসরি অংশগ্রহণ এবং রচনা পাঠিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।

১। চিত্রাংকন প্রতিযোগিতা :

চিত্রাংকন প্রতিযোগিতায় যোগদানের যোগ্যতা, চিত্রাংকনের বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল :-

ক্রমিক	বিভাগ	বয়স	চিত্রাংকনের বিষয়
১।	ক- বিভাগ	৬ বছর পর্যন্ত	ইচ্ছামত
২।	খ- বিভাগ	৭ থেকে ৯ বছর পর্যন্ত	বাংলাদেশের নদী ও নৌকা
৩।	গ- বিভাগ	১০ থেকে ১৩ বছর পর্যন্ত	নদী ও শহর
৪।	ঘ- বিভাগ	১৪ থেকে ১৮ বছর পর্যন্ত	বঙ্গবন্ধু ও আগামীর বাংলাদেশ

২। রচনা প্রতিযোগিতা :

(খ) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের বিভাগ ও বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল :-

ক্রমিক	বিভাগ	বয়স/ শ্রেণী	বিষয়	সর্বোচ্চ শব্দ
১।	ক- বিভাগ	৬ষ্ঠ থেকে ৭ম শ্রেণী	জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে আমার ধারণা	৮০০ হতে ১০০০
২।	খ- বিভাগ	৮ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত	আমার অঞ্চলে মুক্তিযুদ্ধের কাহিনী	৮০০ হতে ১০০০
৩।	গ- বিভাগ	একাদশ শ্রেণী হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত	৭ই মার্চ ও মুক্তিযুদ্ধ	১০০০ হতে ১২০০
৪।	ঘ- বিভাগ	বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের	জাতির জনক বঙ্গবন্ধুর রাষ্ট্রভাবনা	১২০০ হতে ১৫০০

অপর পৃষ্ঠায়-

নিয়মাবলী :

১। চিত্রাঙ্কন :

- ক) আগামী ১৪ মে, ২০২২ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি-৩২, ঢাকার লোকপাড় চত্বর-এ স্বাস্থ্যবিধি মেনে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
- খ) ঢাকা মেট্রোপলিটনের প্রতিযোগীদের সকাল ১০:০০ ঘটিকায় উপস্থিত থাকতে হবে।
- গ) ঢাকার বাহিরের প্রতিযোগীদের সকাল ১১:০০ ঘটিকায় উপস্থিত থাকতে হবে।
- ঘ) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রতি বিভাগে ১টি শ্রেষ্ঠ পুরস্কার এবং ৫টি উত্তম পুরস্কার দেয়া হবে।
- ঙ) প্রতিযোগীদের মধ্যে কাগজ ও পানির পাত্র সরবরাহ করা হবে।


২। রচনা :

- ক) বাংলা অথবা ইংরেজী যেকোন একটি ভাষায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে।
- খ) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রত্যেক অংশগ্রহণকারীকে স্পষ্ট অক্ষরে নিজের নাম, বাবা-মায়ের নাম, পূর্ণাঙ্গ বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, ফোন নম্বর (যদি থাকে)/মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।
- গ) আগামী ৩১ মে, ২০২২ তারিখের মধ্যে “কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক নং-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯” এই ঠিকানায় রচনা পাঠাতে হবে। এছাড়া bangabandhumuseum@gmail.com ঠিকানায় পাঠানো যাবে।
- ঘ) www.bangabandhumuseum.org.bd এই ওয়েব সাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৩।

আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রাপক :
বিশ্বাস রাসেল হোসেন
জেলা প্রশাসক, কালেক্টর ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা


(মো. নজরুল ইসলাম খান)
কিউরেটর
ফোন : ০২-৪৮১২২৫৭০ (অ.)